

দৈনিক ইত্তেফাক

সরকারী কলেজকে সাধারণ বিশ্ববিদ্যালয়ে উন্নীত করার সিদ্ধান্ত গৃহীত হয়। তবে পরবর্তী সরকার এই সিদ্ধান্ত পরিবর্তন করে নতুন নতুন ছোট আকারের বারোটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেন এবং ১৯৯৮ সালে এক একনেক সভায় তা অনুমোদন হয়। একনেক অনুমোদিত প্রকল্পে কোন কৃষি কলেজকেই বিলুপ্ত করে বিজ্ঞান বিশ্ববিদ্যালয় প্রকল্পের সঙ্গে আত্মীকরণের কোন সংস্থান নেই, যা ঠিক সিদ্ধান্ত ছিল। প্রকল্প বাস্তবায়নের সময় দিনাজপুরে হাজী মোহাম্মদ দানেশ কৃষি কলেজকে বৃহত্তর দিনাজপুর বিজ্ঞান বিশ্ববিদ্যালয় এবং পটুয়াখালী কৃষি কলেজকে বৃহত্তর পটুয়াখালী বিজ্ঞান বিশ্ববিদ্যালয় প্রকল্পের সঙ্গে আত্মীকরণের সিদ্ধান্ত নেয়া হয় এবং এ বিষয়ে জুলাই '৯১-তে সংসদে আইন পাস করা হয় এবং একই সঙ্গে মোট বারোটি পৃথক বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন পাস করা হয়েছে। কিন্তু এ পর্যন্ত কোন আইন বাস্তবায়ন করা হয়নি। বিধায় কৃষি কলেজ দু'টি এখনও বিলুপ্ত করা হয়নি। এগুলোর প্রশাসন ভিন্নভাবে পরিচালিত হচ্ছে। আমরা প্রস্তাব করছি যে, জগন্নাথসহ মোট বারোটি সরকারী কলেজকে সাধারণ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করা হোক। একনেক অনুমোদিত ছ'টি বিজ্ঞান বিশ্ববিদ্যালয় প্রকল্প ঠাকুরগাঁও, পঞ্চগড়, বরগুনা, পিরোজপুর, গোপালগঞ্জ, টাঙ্গাইল, রাঙ্গামাটি এবং জয়পুরহাট, নওগাঁ অঞ্চলে স্থাপন করা হোক। রংপুর কারমাইকেল কলেজকে সাধারণ বিশ্ববিদ্যালয়ে উন্নীত করা হলে এখানে পূর্ণাঙ্গ বিজ্ঞান অনুমুদ থাকবে। এ অবস্থায় রংপুর বিজ্ঞান বিশ্ববিদ্যালয় প্রকল্পটির জনবল ও বাজেটসহ স্থানান্তর করে জয়পুরহাট, নওগাঁ, দক্ষিণ দিনাজপুর জেলায় অবস্থিত অননুন্নত পশ্চাৎপদ বরেন্দ্র অঞ্চলে স্থাপন করা হোক। বিজ্ঞান বিশ্ববিদ্যালয়গুলো গবেষণাভিত্তিক হতে হবে আর এজন্য এগুলোর শিক্ষা মন্ত্রণালয়ের পরিবর্তে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সঙ্গে সংযুক্ত করতে হবে।

সংশ্লিষ্ট আইন সংশোধন/বাতিল করে হাজী দানেশ কৃষি কলেজকে রাজশাহী বিভাগীয় কৃষি বিশ্ববিদ্যালয় এবং পটুয়াখালী কৃষি কলেজকে বরিশাল বিভাগীয় কৃষি বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করতে হবে, যা করা হচ্ছে ঢাকার শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (ঢাকা কৃষি কলেজকে রূপান্তর) স্থাপনে। বগুড়ায় রাজশাহী বিভাগীয় মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (মেডিক্যাল কলেজকে রূপান্তর) এবং রাজশাহীতে বিভাগীয় প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বিআইটিকে রূপান্তর) স্থাপন করা যেতে পারে। দিনাজপুরে কৃষি বিশ্ববিদ্যালয়, রাজশাহীতে প্রকৌশল বিশ্ববিদ্যালয়, বগুড়া মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এবং রংপুরে কারমাইকেল বিশ্ববিদ্যালয় কম খরচেই স্থাপন করা সম্ভব হবে। ছোট আকারের বিজ্ঞান বিশ্ববিদ্যালয় প্রকল্প দু'টির মধ্যে একটি ঠাকুরগাঁও-পঞ্চগড় অঞ্চলে এবং একটি জয়পুরহাট-নওগাঁও (বরেন্দ্র) জেলার বরেন্দ্র অঞ্চলে স্থাপন করা যেতে পারে। উল্লেখ্য যে, বাকি ছ'টি বিজ্ঞান বিশ্ববিদ্যালয় (যেগুলির কোন প্রকল্প অনুমোদন করা হয়নি) বাস্তবায়ন স্থগিত করে এ সমস্ত জেলায় সরকারী কলেজগুলোকে বিশ্ববিদ্যালয়ে উন্নীত করাই সমীচীন হবে।

বারোটি সরকারী কলেজকে বিশ্ববিদ্যালয়ে উন্নীতকরণ ও

একনেক অনুমোদিত ছ'টি বিজ্ঞান বিশ্ববিদ্যালয় স্থাপনের আবেদন

বিগত বিএনপি সরকারের আমলে ঢাকার জগন্নাথ কলেজসহ রংপুর, কুমিল্লা, বরিশাল, বগুড়া, পাবনা ও ময়মনসিংহের মোট ১৬টি